NYC Human Resources Administration
Department of Social Services

FAMILY INDEPENDENCE ADMINISTRATION

# SNAP Work Requirements

If you receive SNAP benefits, you may need to meet work requirements to continue receiving them. In general, children, older adults, and people with disabilities are exempt from work requirements. Participation in education, training, or treatment programs may also satisfy work requirements. HRA reviews each case individually and will inform you if work requirements apply to you.

**You may need to meet additional work requirements if you are an Able Bodied Adult Without Dependents (ABAWD).**

## WHAT IS AN ABAWD?

If you are aged 18-64, and you do not live with a child under 14 in your household, are not pregnant or caring for someone who cannot take care of themselves, and do not have any physical or mental barriers to employment, you will probably need to meet ABAWD requirements.

## WHAT ARE GENERAL SNAP WORK REQUIREMENTS?

Tell HRA about your employment status and availability to work. If you are working, do not voluntarily quit or work less than 30 hours a week without a good reason (such as being sick).

If you are not working and you receive a suitable job offer, you will need to accept it unless there is a good reason you can't. Also, you will need to participate in a SNAP Employment & Training program if one is assigned to you.

**For more information, scan the QR Code.**

## WHAT ARE ABAWD REQUIREMENTS?

If you are an ABAWD, you will need to work or participate in an approved work program, such as a SNAP Employment & Training program, for at least 80 hours per month. You can meet this through a combination of work and program hours, and through approved alternative activities.

You can also meet ABAWD requirements by participating in a work experience activity or community service. The number of required hours is based on your SNAP benefit amount divided by the minimum wage.

If you are already working, or believe you have a physical or mental condition that prevents you from working, please tell HRA and provide documentation. If you are unable to work at least 20 hours per month because of a physical or mental health condition, you can have a medical or clinical provider complete a simple form available on the HRA website.

If you receive an appointment for meeting work requirements, be sure to attend or provide a valid reason why you cannot.

Failing to meet the ABAWD requirements for more than 3 months over a 3-year period may result in a loss of your SNAP benefits.

NYC Human Resources Administration Department of Social Services

FAMILY INDEPENDENCE ADMINISTRATION

# SNAP-এর জন্য কাজের প্রয়োজনীয়তা

যদি আপনি সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির (Supplemental Nutrition Assistance Program, SNAP) বেনিফিট পান, তাহলে সেগুলি গ্রহণ চালিয়ে যাওয়ার জন্য আপনাকে কাজের প্রয়োজনীয়তা পূরণ করতে হতে পারে। সাধারণত, শিশু, প্রবীণ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের কাজের প্রয়োজনীয়তা থেকে ছাড় দেওয়া হয়। শিক্ষা, প্রশিক্ষণ, বা চিকিৎসা কর্মসূচিতে অংশগ্রহণও কাজের প্রয়োজনীয়তা পূরণ করতে পারে। মানব সম্পদ প্রশাসন (Human Resource Administration, HRA) প্রতিটি কেস পৃথকভাবে পর্যালোচনা করে এবং আপনার ক্ষেত্রে কাজের প্রয়োজনীয়তা প্রযোজ্য হলে আপনাকে জানাবে।

**আপনি যদি 'নির্ভরশীল ব্যক্তি ছাড়া সমর্থ শরীরের প্রাপ্তবয়স্ক' (Able Bodied Adult Without Dependents, ABAWD) হন, তাহলে আপনাকে কাজের অতিরিক্ত প্রয়োজনীয়তা পূরণ করতে হতে পারে।**

## ABAWD কী?

যদি আপনার বয়স 18-64 বছর হয়, এবং আপনার পরিবারে 14 বছরের কম বয়সী কোনও শিশুর সাথে না থাকেন, গর্ভবতী না হন অথবা এমন কারো যত্ন না নেন যিনি নিজের যত্ন নিতে পারেন না, এবং কর্মসংস্থানের কোনও শারীরিক বা মানসিক বাধা না থাকে, তাহলে সম্ভবত আপনাকে ABAWD-এর প্রয়োজনীয়তা পূরণ করতে হবে।

## SNAP-এর জন্য কাজের কী কী সাধারণ প্রয়োজনীয়তা আছে?

আপনার কর্মসংস্থানের অবস্থা এবং কাজের প্রাপ্যতা সম্পর্কে HRA-কে বলুন। যদি আপনি কাজ করেন, তাহলে উপযুক্ত কারণ ছাড়া (যেমন অসুস্থ থাকা) স্বেচ্ছায় চাকরি ছেড়ে দেবেন না বা সপ্তাহে 30 ঘণ্টার কম কাজ করবেন না।

যদি আপনি কাজ না করেন এবং কোনও উপযুক্ত চাকরির প্রস্তাব পান, তাহলে আপনাকে তা গ্রহণ করতে হবে, যদি না আপনার তা না করার কোনো উপযুক্ত কারণ থাকে। এছাড়াও, যদি আপনার জন্য SNAP কর্মসংস্থান ও প্রশিক্ষণ কর্মসূচি নির্ধারিত হয়, তাহলে আপনাকে তাতে অংশগ্রহণ করতে হবে।

আরও তথ্যের জন্য, QR কোড স্ক্যান করুন।

## ABAWD-এর কী কী প্রয়োজনীয়তা আছে?

আপনি যদি একজন ABAWD হন, তাহলে আপনাকে প্রতি মাসে কমপক্ষে 80 ঘণ্টা কাজ করতে হবে অথবা SNAP কর্মসংস্থান ও প্রশিক্ষণ কর্মসূচির মতো একটি অনুমোদিত কর্মসংস্থান কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে। আপনি কাজ এবং কর্মসূচির সময়ের একটি সমন্বয় এবং অনুমোদিত বিকল্প কার্যকলাপের মাধ্যমে এটি পূরণ করতে পারেন।

আপনি কোনও কাজের অভিজ্ঞতার কার্যকলাপ বা কমিউনিটি সার্ভিসে অংশগ্রহণ করে ABAWD-এর প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে পারেন। আপনার SNAP বেনিফিটের পরিমাণকে ন্যূনতম মজুরি দিয়ে ভাগ করে প্রাপ্ত ভাগফলের উপর প্রয়োজনীয় ঘণ্টার সংখ্যা নির্ভর করে।

যদি আপনি ইতিমধ্যেই কর্মরত থাকেন, অথবা মনে করেন যে আপনার এমন কোনও শারীরিক বা মানসিক অবস্থা আছে যা আপনাকে কাজ করতে বাধা দিচ্ছে, তাহলে অনুগ্রহ করে HRA-কে জানান এবং নথিপত্র প্রদান করুন। শারীরিক বা মানসিক স্বাস্থ্যগত অবস্থার কারণে আপনি যদি প্রতি মাসে কমপক্ষে 20 ঘণ্টা কাজ করতে অক্ষম হন, তাহলে আপনি একজন মেডিকেল বা ক্লিনিকাল সেবা প্রদানকারীকে দিয়ে HRA ওয়েবসাইটে উপলভ্য একটি সহজ ফর্ম পূরণ করাতে পারেন।

যদি আপনি কাজের প্রয়োজনীয়তা পূরণের জন্য অ্যাপয়েন্টমেন্ট পান, তাহলে অবশ্যই সেখানে উপস্থিত থাকবেন অথবা আপনি উপস্থিত থাকতে না পারলে, কেন তা পারছেন না তার একটি কার্যকর কারণ প্রদান করুন।

কোনো 3 বছরের সময়কালে 3 মাসের বেশি সময় ধরে ABAWD-এর প্রয়োজনীয়তা পূরণ করতে না পারলে আপনি SNAP বেনিফিটগুলি হারাতে পারেন।